গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং: ৫১.০১.০০০০.০২৪.১৪.৪৬১.১৯- ৫০৫ তারিখঃ ২৪/০৯/২০১৯ খ্রিঃ

বিষয় : বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে 'গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্পের আওতায় গৃহীত রাস্তার প্রাক্কলন অনুমোদন।

সূত্রঃ উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর স্মারক নং-৫১.০১.৯০৪৭.০০০.৪১.০৮৬.১৯-৯৩৩, তারিখঃ ১৫/০৭/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে, ২০১৯-২০২০ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে 'গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্পের অধীন সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলায় নিম্নে বর্ণিত ০৬ (ছয়) টি প্যাকেজের জন্য ৩,৫৭,৪১,৯৯৩.০০ (তিন কোটি সাতান্ন লক্ষ একচল্লিশ হাজার নয়শত তিরানব্বই) টাকার প্রাক্কলন প্রাথমিক অনুমোদন প্রদানপূর্বক প্রাক্কলনের ০১ (এক) প্রস্থ পরবর্তী কার্যক্রম গ্রহনের জন্য অত্রসাথে প্রেরণ করা হলো।

| ক্রঃ নং | প্যাকেজ নং | এইচবিবি প্রকল্পের নাম | দৈর্ঘ্য (মিটার) | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|---|---|
| ০১. | W439DDM HBB-01 | বাগময়না ঈদগাহ গেইট হইতে মুশির মিয়ার বাড়ি পর্যন্ত ও আটহাল মসজিদ থেকে মন্নান মিয়ার বাড়ি পর্যন্ত (১০০০ মিটার) (ইউপি- রানীগঞ্জ) রাস্তায় এইচবিবি করণ। | ১০০০.০০ | ৫৪৯৯৫৭৯.০০ |
| ০২. | W439DDM HBB-02 | ক)টিয়ারাগাও ঘোড়ামারা থেকে ভায়া পূর্ব টিয়ারাগাও সঃপ্রাঃবিঃ পর্যন্ত (৫০০ মিটার) (ইউপি- রানীগঞ্জ) খ) রানিগঞ্জ গরুর হাট থেকে রানীনগর মসজিদ পর্যন্ত (৫০০ মিটার) (ইউপি- রানীগঞ্জ) রাস্তায় এইচবিবি করণ। | ১০০০.০০ | ৫৪৯৯০৭৯.০০ |
| ০৩. | W439DDM HBB-03 | ক)সোনাপুরে গ্রামের এলজিইডি রাস্তায় হইতে সোনাপুর আনোয়ার মিয়ার বাড়ি পর্যন্ত (৫০০ মিটার) খ) পাটলী চক বিলচর রাস্তায় হইতে প্রভাকরপুর পর্যন্ত (৫০০ মিটার) (ইউপি- পাটলী) রাস্তায় এইচবিবি করণ। | ১০০০.০০ | ৫৪৯৯৫৭৯.০০ |
| ০৪. | W439DDM HBB-04 | ক)গোতগাও সঃপ্রাঃবিঃ সামন হইতে আঃ গফুরের বাড়ি পর্যন্ত (৬০০ মিটার) খ) পাইলগাও কদরপাড়া পর্যন্ত (৭০০ মিটার) (ইউপি- পাইলগাও) রাস্তায় এইচবিবি করণ। | ১৩০০.০০ | ৭১৪৬৮৫২.০০ |
| ০৫. | W439DDM HBB-05 | জালালপুর আঃ রহিমের বাড়ির নিকট থেকে নুরুজ্জামানের বাড়ি পর্যন্ত (১০০০ মিটার) (ইউপি- পাইলগাও) রাস্তায় এইচবিবি করণ। | ১০০০.০০ | ৫৪৯৯০৭৯.০০ |
| ০৬. | W439DDM HBB-06 | ক)দাওরাই পশ্চিমপাড়া হালুখাল খেয়াঘাট রাস্তায় ও দাওরাই পশ্চিমপাড় মাদ্রাসা পর্যন্ত (৬০০ মিটার) (ইউপি- আশারকান্দি) খ) সৈয়দপুর হাড়ি কোনা আনার কোরেশীর বাড়ীর সামন হইতে ছুবহান মিয়ার বাড়ির ব্রীজ পর্যন্ত এবং আবুল মিয়ার বাড়ির সামন হইতে আঃ হকের বাড়ির সামন পর্যন্ত (৬০০ মিটার) (ইউপি- সৈয়দপুর শাহারপাড়া) রাস্তায় এইচবিবি করণ। | ১২০০.০০ | ৬৫৯৭৮২৫.০০ |
| | | মোটঃ | ৬৫০০.০০ | ৩,৫৭,৪১,৯৯৩.০০ |

২। প্রকল্প পরিচালক কর্তৃক একই সংগে ৪৯২ টি উপজেলার অনুমোদিত এইচবিবি রাস্তা নির্মাণের জন্য বিগত ০৬-০৯-২০১৯ খ্রিঃ ও ০৭-০৯-২০১৯ খ্রিঃ তারিখে (ক) দৈনিক ইত্তেফাক, (খ) বাংলাদেশ প্রতিদিন, (গ) দৈনিক জনবাণী ও (ঘ) The Daily Observer পত্রিকায় দরপত্র আহবান করা হয়েছে। বিধি মোতাবেক অবশিষ্ট কার্যক্রম (যেমন- দরপত্র বিক্রয় ও গ্রহণ, দরপত্র মূল্যায়ন ও প্রাথমিকভাবে ঠিকাদার/প্রতিষ্ঠান বাছাই) সংশ্লিষ্ট উপজেলা কর্তৃক গ্রহণ করতে হবে। দরপত্র মূল্যায়ন ও প্রাথমিকভাবে ঠিকাদার/প্রতিষ্ঠান বাছাই শেষে চূড়ান্ত অনুমোদনের জন্য ঠিকাদার/প্রতিষ্ঠান এর নাম, ঠিকানা ও মূল্যায়ন কমিটির স্বাক্ষরিত বিবরণী, মূলায়ন কমিটির রেজুলেশনের কপি (ছায়ালিপি) সহ প্রকল্প পরিচালকের বরাবরে প্রেরণ করতে হবে।

-চলমান পাতা-০২

৩। দরপত্র খোলার ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে ঠিকাদার/ প্রতিষ্ঠান প্রাথমিক বাছাই সম্পন্ন করে তালিকা প্রকল্প পরিচালক বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে। প্রকল্প পরিচালকের কার্যালয় হতে ঠিকাদার/প্রতিষ্ঠান চূড়ান্তকরণ অনুমোদন পত্র জারীর ১০ (দশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট ঠিকাদার/প্রতিষ্ঠান কর্তৃক ১০% পারফরমেন্স সিকিউরিটি দাখিল সাপেক্ষে ঠিকাদার/প্রতিষ্ঠান বরাবরে উপজেলা কর্তৃপক্ষ কর্তৃক কার্যাদেশ প্রদান করতে হবে।

৪। দরপত্র দলিলে উল্লেখিত সময়ের মধ্যে অর্থ্যাৎ কার্যাদেশ প্রদানের তারিখ হতে ১.০ কি: মি: = ৪৫ দিন, ১.০ (+) হতে ১.৫ কি:মি: = ৬০ দিন, ১.৫ (+) কি: মি:= ৭৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট প্রকল্পের হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ কাজ ১০০% ভাগ সম্পন্ন করতে হবে। সমুদয় কাজ সম্পন্ন হওয়ার পর উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার প্রকল্পের প্রাক্কলন মোতাবেক কাজ সম্পন্ন হয়েছে মর্মেনিশ্চিত করার জন্য আইটেম ওয়ারী পরিমাপ গ্রহণ করবেন এবং মাপ বহিতে লিপিবদ্ধ করবেন। প্রকল্পের কাজ শেষে প্রারম্ভিক স্থান হতে সমাপ্তি স্থান পর্যন্ত ভিডিও করে সফট কপিসহ চূড়ান্ত প্রাক্কলনের ০২ (দুই) প্রস্থ প্রকল্প পরিচালকের কার্যালয়ে দাখিল করতে হবে।

৫। সর্বশেষ ৩০ মার্চ, ২০২০ খ্রিঃ এর মধ্যে ১০০% কাজ শেষ করে ১৫ এপ্রিল, ২০২০ খ্রিঃ তারিখের মধ্যে চূড়ান্ত প্রাক্কলন ও ভিডিও ক্লিপ ও বিভিন্ন কম্পোনেন্টের স্থিরচিত্র (ফটো) অত্র কার্যালয়ে দাখিল করতে হবে। সর্বশেষ কিস্তির অর্থ চূড়ান্ত প্রাক্কলন অনুমোদন ও বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ছাড় করা হবে। বরাদ্দকৃত অর্থ পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) অনুসরণ করে ব্যয় করতে হবে।

৬। উল্লেখ্য ৩০ জুন, ২০২০ খ্রিঃ তারিখের পর প্রকল্পের অব্যয়িত/অনুত্তোলিত সমুদয় অর্থ তামাদি হয়ে যাবে। কোন বিশেষ কারণে প্রকল্পের অর্থ ৩০ জুন, ২০২০ খ্রিঃ এর পর অব্যয়িত/ অনুত্তোলিত থাকলে তা ০৭ জুলাই, ২০২০ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা হিসাবরক্ষণ অফিসারের প্রত্যয়নসহ নিম্ন স্বাক্ষরকারীর বরাবর সমর্পণ করতে হবে।

বিষয়টি অতি জরুরী।

28/02/22

সংযুক্তিঃ ১। প্রাক্কলন ফর্দ .................।
২। দরপত্র নমুনা ফর্দ ...........।

( দীপক রঞ্জন অধিকারী)
(সচিব-যুগ্ম)
প্রকল্প পরিচালক
'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
ফোনঃ ০২-৯৮৫৬৩৩৫

প্রাপকঃ ১। উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর,জেলা: সুনামগঞ্জ।
২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, জগন্নাথপুর,জেলা: সুনামগঞ্জ।

স্মারক নং: ৫১.০১.০০০০.০২৪.১৪.২১৫.১৯-

তারিখঃ /০৯/২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ জেলা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা জগন্নাথপুর ,জেলা: সুনামগঞ্জ।
৫। প্রধান হিসাবরক্ষণ অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬ আব্দুল গণি রোড, রমনা, ঢাকা।
৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার, সুনামগঞ্জ।
৭। জেলা হিসাবরক্ষণ অফিসার, সুনামগঞ্জ।
৮। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৯। সংরক্ষণ নথি।

(মোহাম্মদ আওলাদ হোসেন)
সহকারী প্রকল্প পরিচালক
'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
e-mail: hbbpddm@gmail.com
ফোনঃ ০২-৪৪৩২৪২৭